

## 💵 কুরআন ও সুন্নাহর দৃষ্টিকোণে স্বপ্ন ও তার ব্যাখ্যা

বিভাগ/অধ্যায়ঃ গ্রন্থের বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহ শহীদ আব্দুর রহমান (ইসলামহাউস.কম)

কুরআনের আয়াত দিয়ে স্বপ্ন ব্যাখ্যা করার কয়েকটি দৃষ্টান্ত

স্বপ্নে রশি দেখার অর্থ হলো, ওয়াদা, অঙ্গীকার, প্রতিশ্রুতি। এ ব্যাখ্যাটি আল-কুরআনের নিম্নোক্ত আয়াত থেকে গ্রহণ করা হয়েছে।

"তোমরা আল্লাহ তা'আলার রশিকে শক্তভাবে ধারণ করো"। [সূরা আলে ইমরান, আয়াত: ১০৩] স্বপ্নে নৌকা বা জাহাজ দেখার ব্যাখ্যা হল মুক্তি পাওয়া। এ অর্থটি আল-কুরআনের এ আয়াত থেকে নেওয়া হয়েছে।

"আমরা তাকে উদ্ধার করেছি এবং উদ্ধার করেছি জাহাজের আরোহীদের"। [সূরা আল-'আনকাবৃত, আয়াত: ১৫] স্বপ্নে কাঠ দেখার ব্যাখ্যা হলো, মুনাফেকী বা কপটতা। এ ব্যাখ্যাটি আল-কুরআনের এ আয়াত থেকে নেওয়া হয়েছে, যেখানে আল্লাহ তা'আলা মুনাফিকদের সম্পর্কে বলেছেন,

"যেন তারা দেওয়ালে ঠেস দেওয়া কাঠের মতই"। [সূরা আল-মুনাফিকূন, আয়াত: 8]

পাথর স্বপ্ন দেখলে তার ব্যাখ্যা হবে অন্তরের কঠোরতা ও পাষণ্ডতা। এ ব্যাখ্যাটি আল-কুরআনের এ আয়াত থেকে গ্রহণ করা হয়েছে, যেখানে আল্লাহ তা'আলা বলেন,

"অতঃপর তোমাদের অন্তরগুলো কঠিন হয়ে গেল, যেন তা পাথরের মতো কিংবা তার চেয়েও শক্ত"। [সূরা আল-বাকারা, আয়াত: ৭৪]

যদি স্বপ্নে রোগ-ব্যধি দেখা হয়, তাহলে তার ব্যাখ্যা হবে মুনাফিক। কারণ, আল্লাহ তা'আলা মুনাফিকদের সম্পর্কে বলেছেন,

"তাদের অন্তরে রয়েছে ব্যধি"। [সূরা আল-বাকারা, আয়াত: ১o]

যদি স্বপ্নে গোশত খেতে দেখে তাহলে তার অর্থ হতে পারে গীবত বা পরনিন্দা। কেননা গীবত সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,



## ﴿ أَيُحِبُّ أَحَدُكُم ا أَن يَأ ا كُلَ لَحامَ أَخِيهِ مَياتًا ﴾ [الحجرات: ١٦]

"তোমাদের কেউ কি পছন্দ করবে তার মৃত ভাইয়ের গোশত খাবে?" [সূরা আল-হুজুরাত, আয়াত: ১৩]
এই যে ব্যাখ্যার কথাগুলো বলা হলো, এগুলো যে এমন হতেই হবে তা জরুরি নয়। আবার সকলের ব্যাপারে
ব্যাখ্যা একটিই হবে, তাও ঠিক নয়। একজন রোগীর স্বপ্প আর সুস্থ মানুষের স্বপ্নের ব্যাখ্যা এক রকম হবে না।
যদিও স্বপ্ন এক রকম হয়। তেমনি একজন মুক্ত মানুষ ও একজন বন্দী মানুষের স্বপ্নের ব্যাখ্যা এক রকম হবে
না। স্বপ্নের ব্যাখ্যায় যেমন স্বপ্ন দ্রষ্টার অবস্থা লক্ষ্য করা হবে তেমনি স্বপ্নে যা দেখেছে তার অবস্থাও দেখতে হবে।
যেমন কেউ স্বপ্নে দড়ি বা রশি দেখল। একজন স্বপ্নে দেখল সে একটি মজবুত রশি পেয়েছে। যা ছেঁড়া যাছে না।
আরেকজন দেখল, সে একটা রশি ধরেছে কিন্তু তা ছিল নরম। দুটো স্বপ্নের ব্যাখ্যার মধ্যে বিশাল পার্থক্য হবে।
এক ব্যক্তি ইমাম মুহাম্মাদ ইবন সীরীন রহ,র কাছে বলল, আমি স্বপ্ন দেখলাম যে আমি আযান দিচ্ছি। তিনি
বললেন, এর ব্যাখ্যা হল, তুমি হজ করবে। আরেক ব্যক্তি এসে বলল, আমি স্বপ্নে দেখেছি যে, আমি আযান দিচ্ছি।
তিনি বললেন, এর অর্থ হল, চুরির অপরাধে তোমার হাত কাটা যাবে।

লোকেরা জিজ্ঞেস করল, আপনি একই স্বপ্নের দু'ধরনের ব্যাখ্যা করলেন? তিনি বললেন, প্রথম লোকটি নেক আমল প্রিয়। সে ভালো কাজ করে থাকে। সে জন্য তার স্বপ্নের ব্যাখ্যা নেক আমল হতে পারে। আমি আল-কুরআনের আয়াত-

"তুমি মানুষের মাঝে হজের জন্য আযান তথা এলান দাও"। [সূরা আল-হজ, আয়াত: ২৭] আর দ্বিতীয় ব্যক্তি হচ্ছে পাপাচারী। তাই তার স্বপ্নের ব্যাখ্যা পাপের শাস্তিই মানায়। তাই আমি আল-কুরআনের আয়াত-

"অতঃপর এক মুয়াজ্জিন (ঘোষণাকারী) আযান (ঘোষণা) দিল, হে কাফেলা! তোমরা তো চোর"। [সূরা ইউসুফ, আয়াত: ৭০]

Source — https://www.hadithbd.com/books/link/?id=14986

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন